

নং ১২.০০.০০০০.০৩০.০৪০.০১২.২২-২৪

তারিখঃ ৫ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

চলতি ২০২২-২৩ অর্থবছরে রাসায়নিক সারে প্রদত্ত ভর্তুকির অডিট করার লক্ষ্যে চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম নির্বাচন।

রিকোয়েস্ট ফর এক্সপ্রেশনস অব ইন্টারেস্ট (EOI)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয় কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে বেসরকারি পর্যায়ে আমদানিতব্য নন-ইউরিয়া (টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি) সারে প্রদেয় ভর্তুকির হিসাব নিরীক্ষাপূর্বক প্রত্যয়নের লক্ষ্যে চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্ম নিয়োগের জন্য আগ্রহ ব্যক্তকরণ প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। ভর্তুকির হিসাব নিরীক্ষার ব্যয়ভার মিটানোর জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ আছে।

কৃষি মন্ত্রণালয় কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে বেসরকারি পর্যায়ের মাধ্যমে আমদানিতব্য আনুমানিক প্রায় ১৪.০০ লক্ষ মেটন নন-ইউরিয়া সার ভর্তুকির আওতায় ছাড় করা হবে। বেসরকারি আমদানিকারকগণ দেশের সকল উপজেলায় সার ডিলারদের নিকট সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় করেন। ডিলারগণ নিজে সরাসরি বা খুচরা বিক্রেতার মাধ্যমে কৃষকের নিকট সরকার নির্ধারিত মূল্যে (ভর্তুকি মূল্যে) সার বিক্রয় করেন। আমদানিকারক কর্তৃক ডিলারের নিকট বিক্রয় মূল্য ও আমদানি খরচের পার্থক্য সরকার ভর্তুকি হিসেবে আমদানিকারকগণের ঋণপত্র স্থাপনকারি ব্যাংক হিসাবে প্রদান করে থাকে। চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্মের প্রধান কাজ হবে নিম্নরূপঃ-

- ১। সরকারি নিয়ম/পদ্ধতি অনুসরণ করে সারে যথাযথভাবে ভর্তুকি প্রদান করা হয়েছে কিনা তা পরীক্ষা করা;
- ২। ভর্তুকিযুক্ত সারের আমদানি সংক্রান্ত দলিল পত্রাদি যেমন, মূল দরপ্রস্তাব, ঋণপত্র, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্টিফিকেট, ম্যানুফ্যাকচারার্স গ্যারান্টিড এনালাইসিস সার্টিফিকেট, বিল অব লেডিং, কমার্শিয়াল ইনভয়েস, বিল অব এন্ট্রি, বিল অব এক্সচেঞ্জ, সার আমদানি পরিদর্শন কমিটির রিপোর্ট ইত্যাদি পরীক্ষা করা এবং সকল তথ্য উপাত্তের ভিত্তিতে কি পরিমাণ সার ভর্তুকির আওতায় বেসরকারি পর্যায়ে আমদানি করা হয়েছে তা প্রত্যয়ন করা;
- ৩। ভর্তুকি সংক্রান্ত সরকারি নিয়ম/পদ্ধতির আলোকে ভর্তুকি সেল, চটগ্রাম থেকে প্রেরিত সারের পরিমাণ সংক্রান্ত তথ্য পরীক্ষা করা ও সে অনুযায়ী আমদানিকারক কর্তৃক দাবীকৃত ভর্তুকির পরিমাণ/পরীক্ষা করা;
- ৪। বিশেষ প্রয়োজনে ডিলার পর্যায়ে মজুদকৃত সারে দেয় ভর্তুকির দলিলাদি নিরীক্ষা করা;
- ৫। কার্যাদেশ প্রাপ্তির ৩ কর্মদিবসের মধ্যে কাজ করার সম্মতিপত্র প্রদান করা, তা না করলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং
- ৬। আমদানিকারক কর্তৃক ভর্তুকি বিল জমা পড়া/ প্রাপ্তি সাপেক্ষে (কয়েক ধাপে) অডিট ফার্মের নিকট বিল উপস্থাপনের ৩ কর্মদিবসের মধ্যে রিপোর্ট পেশ করা। উপরন্তু অর্থবছরের শেষে চূড়ান্ত অডিট রিপোর্ট পেশ করা।

শর্তাবলীঃ

- (১) আগ্রহী বাংলাদেশী চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্মকে সমজাতীয় নিরীক্ষা কাজের ২ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে এবং তাদের প্রয়োজনীয় জনবলসহ সহায়ক উপকরণাদি থাকতে হবে।
- (২) দরখাস্তের সাথে রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ কর দাখিলের প্রমাণক, কনসোর্টিয়ামের ক্ষেত্রে যৌথ উদ্যোগের চুক্তিনামা দাখিল এবং কর্মরত জনবলের জীবন-বৃত্তান্ত ও অভিজ্ঞতা যথাযথভাবে উল্লেখ করতে হবে।

আগ্রহী প্রতিষ্ঠানকে তাদের যোগ্যতার স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি ও প্রমাণক দাখিলের অনুরোধ করা হলো (সংস্থার সুযোগ-সুবিধা এবং দক্ষতার ক্ষেত্রসমূহ নির্দেশপূর্বক ব্রোশিয়ার; একই ধরনের সম্পাদিত কাজের বিবরণ; একই ধরনের কর্মপরিবেশ ও পরিস্থিতিতে পরিচালিত কাজের অভিজ্ঞতা ও পেশাগত যোগ্যতাসম্পন্ন জনবল এবং কাজ সম্পাদনে পর্যাপ্ত সম্পদের প্রাপ্যতা; এবং আর্থিক সক্ষমতার ক্ষেত্রে Bank Solvency Certificate ও ব্যবস্থাপনাগত সামর্থ্য ইত্যাদি)। আবেদনকারী তার সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কনসোর্টিয়াম গঠন করতে পারবে, তবে তা অত্যাৱশ্যক নয়।

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর “নিম্নতম ব্যয়-ভিত্তিক নির্বাচন পদ্ধতি” অনুসরণে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। চুক্তি সম্পাদনের পর অনতিবিলম্বে কাজ শুরু করতে হবে।

আগ্রহী একাউন্টেন্ট/অডিট ফার্মের এ বিষয়ে অধিক তথ্য জানার প্রয়োজন হলে ৫৫১০০৪৫৭ ফোন নম্বরে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য জানতে পারবে।

সীলমোহরযুক্ত আবেদনপত্র (EOI) ১০-০৮-২০২২ খ্রিঃ তারিখ বিকাল ২.০০ ঘটিকায় মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে এবং আবেদনের খামের উপরে স্পষ্টাক্ষরে “সারে ভর্তুকির অডিট ২০২২-২৩ সংক্রান্ত Expressions of Interest (EOI)” লিখতে হবে।

যে কোন বা সকল আবেদনপত্র (EOI) বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


(শেখ ফরিদুল আলম)

উপ-প্রধান

সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
ভবন নং-৪, কক্ষ নং ৫০৮, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোনঃ ৫৫১০০৬০৬